মন্ত্রিপরিষদ বিভাগের মে ২০১৯ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **মে ২০১৯** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৮ জুন ২০১৯**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৬৪	২৮৪	৮০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,১৪৬	৮৭৪	১,২২৭
মোট	২,৫১০	১,১৫৮	১,৩০৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১৬	২৭	২০	১৭	৮০
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৭৬	৩২৫	৩৪৮	১৭৮	১,২২৭*
মোট	-	-	৩৯২	৩৫২	৩৬৮	১৯৫	১,৩০৭

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	০	০	০	০	-	-	
দুর্নীতি দমন কমিশন	০	০	০	০	১৩	১৩	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১১.৭৯ জিওবি: ০.১০ মোট: ১১.৮৯	১,০৫৯.৪৭ (৮৯.১০ শতাংশ)	-	-	-
Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS	ডিপিএ: ২.৪৩ জিওবি: ০.৫৭ মোটঃ ৩.০০	১.৭৫০৬ (৫৮.৩৫ শতাংশ)	-	-	-
Promoting Nutition Sensitive Social Security	ডিপিএ: ৩.৪১ জিওবি: ০.০৮ মোটঃ ৩.২৬	০.৯০৮৫ (২৬.০০ শতাংশ)			
Technical Support for CRVS System Improvement in Bangladesh 2nd Phase	ডিপিএ: ৩.১৮ জিওবি: ০.৭০ মোট: ৩.৮৮	৩.১৭ (৮১.৫৮ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	০.৩৯৫	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের নিরীক্ষাকার্য ৩০ জুন/২০১৮ পর্যন্ত সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষায় ০৭টি অডিট আপত্তি দেওয়া হয়। আপত্তিগুলোর মধ্যে ০১টি আপত্তিতে ১৬,৫৬১ টাকা ভ্যাট ও আয়কর কম কর্তন করা হয় মর্মে উল্লেখ করা হয়। অবশিষ্ট ০৬টি আপত্তি পর্যবেক্ষণ সংশ্লিষ্ট। এছাড়া ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১২টি	২৩২.০৩	-	০২	১০টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**৩০টি**	**৯১৯.১৯৫**	**০৪**	**০২**	**২১টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	২	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-১৪	-	-	-	-	৫	১৪
মোট= ১৫	২	-	-	-	৮	১৪

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Short Visit Program-এ অংশগ্রহণ স্থান: নেদারল্যান্ড ও সুইজারল্যান্ড	২৯ এপ্রিল ২০১৯ হতে ০৮ মে ২০১৯	ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফ দি কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড এডমিনিস্ট্রেশন প্রকল্প, মন্ত্রিপরিষদ বিভাগ	**পাঁচজন** অতিরিক্ত সচিব
	২।	'জাতীয় শুদ্ধাচার কৌশল' বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ স্থান: যুক্তরাষ্ট্র	২৯ এপ্রিল ২০১৯ হতে ০৩ মে ২০১৯	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	**একজন** যুগ্মসচিব
	৩।	'Best Practice of Governance and Strategy Management for Accountability' শীর্ষক শর্ট কোর্সে অংশগ্রহণ স্থান: যুক্তরাষ্ট্র	০২-১৫ মে ২০১৯	ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অফ দি কেবিনেট ডিভিশন এন্ড ফিল্ড এডমিনিস্ট্রেশন প্রকল্প, মন্ত্রিপরিষদ বিভাগ	**সাতজন** যুগ্মসচিব-১জন উপসচিব-৫জন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা-১জন
	৪।	'Exposure visit on Knowledge sharing programme-এ অংশগ্রহণ স্থান: ভুটান	২০-২৪ মে ২০১৯	মন্ত্রিপরিষদ বিভাগ	**আটজন** উপসচিব-১জন সিনিয়র সহকারী সচিব-২জন সহকারী সচিব-১জন সিস্টেম এনালিস্ট-১জন মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার-১জন প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা-১জন প্রটোকল অফিসার-১জন
দুর্নীতি দমন কমিশন	১।	অফিস ব্যবস্থাপনা ও অটোমেশন কোর্স	০৪-০৮ মে ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**বিশজন**
	২।	দুর্নীতি দমন কমিশনের নবনিয়োগপ্রাপ্ত উপসহকারী পরিচালকদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স	৩১ মার্চ ২০১৯ হতে ২৯ মে ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**সাতজন**
	৩।	ভূমি ব্যবস্থাপনা বিষয়ক কোর্স	১২-১৬ মে ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**ষাটজন**
	৪।	ভূমি ব্যবস্থাপনা বিষয়ক কোর্স	১৯-২৩ মে ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**ষাটজন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: ২০১৮-১৯ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য বাৎসরিক ৬০ ঘন্টা অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: একুশ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার একটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা ০১টি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ১৫টি সিদ্ধান্ত গৃহীত হয়। ১১টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। ০৪টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত এপ্রিল দ্বিতীয় ও মে প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে যুক্তরাজ্যের লন্ডন এবং জার্মানীর ফ্রাঙ্কফুর্ট গমনের জন্য ১৫ মে ২০১৯ তারিখে লন্ডন, যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ২৬ মে ২০১৯ তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৫) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জনাব মোঃ মুরাদ হাসান-এর দপ্তর পুনর্বণ্টন করে ১৯ মে ২০১৯ তারিখে জারীকৃত ১৪২ সংখ্যক প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬) মন্ত্রী ও প্রতিমন্ত্রিগণের মধ্যে দপ্তর পুনর্বণ্টন করে ১৯ মে ২০১৯ তারিখে জারীকৃত ১৪৩ সংখ্যক প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাপান, সৌদি আরব এবং ফিনল্যান্ডে সরকারি সফরের লক্ষ্যে ২৮ মে ২০১৯ তারিখে জাপানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৮) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ আতিকুল ইসলামকে মন্ত্রীর এবং রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র জনাব এ এইচ এম খায়রুজ্জামান (লিটন) ও খুলনা সিটি কর্পোরেশনের মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক-কে প্রতিমন্ত্রীর পদমর্যাদা প্রদান করে ২৮ মে ২০১৯ তারিখে জারীকৃত ১৫৭ সংখ্যক প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ২৯ মে ২০১৯ তারিখে নয়াদিল্লী, ভারতের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ৩১ মে ২০১৯ তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১০) বরেণ্য নজরুল সঙ্গীত শিল্পী, গবেষক, স্বরলিপিকার ও সঙ্গীতগুরু জনাব খালিদ হোসেন-এর মৃত্যুতে মন্ত্রিসভার ২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ২৯ মে ২০১৯ তারিখের প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) বরেণ্য সঙ্গীতশিল্পী জনাব সুবীর নন্দীর মৃত্যুতে মন্ত্রিসভার ২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ২৯ মে ২০১৯ তারিখের প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১২) ১৭ মে ২০১৯ তারিখে আয়ারল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় একদিনের আন্তর্জাতিক টুর্নামেন্টে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল প্রথমবারের মতো চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করায় মন্ত্রিসভার ২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ২৯ মে ২০১৯ তারিখের প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৩) ২২ এপ্রিল ২০১৯ তারিখ হতে ০৩ মে ২০১৯ তারিখে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক প্রথমবারের মত আয়োজিত আন্তর্জাতিক যুব নারী ফুটবল টুর্নামেন্ট 'বঙ্গমাতা অনূর্ধ্ব-১৯ গোল্ডকাপ'-এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলদল যৌথভাবে লাওসের সঙ্গে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করায় মন্ত্রিসভার ২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে গৃহীত একটি প্রস্তাব ২৯ মে ২০১৯ তারিখের প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৪) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কিত অফিস স্মারক জারি করা হয়।

(১৫) CRVSবাস্তবায়ন সংক্রান্ত পাক্ষিক সমন্বয় সভা আয়োজন করা হয়। উক্ত সভায় সিআরভিএস বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম মূল্যায়ন এবং সমন্বয় করা হয়।

(১৬) Open CRVS বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটির সভা আয়োজন করা হয়। উক্ত সভায় 'OpenCRVS' একটি ওপেন সোর্স ডিজিটাল সিআরভিএস সমাধান যা অন্যান্য সরকারি সিস্টেমের সঙ্গে আন্তঃসম্পর্কযোগ্য (যেমন স্বাস্থ্য এবং এনআইডি সিস্টেম), সুরক্ষিত এবং অধিকার-ভিত্তিক সিস্টেম। 'OpenCRVS' সংক্রান্ত সমন্বিত সিস্টেম কিভাবে শহর এবং গ্রাম পর্যায়ে কার্যকরভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধনে সহায়তা করবে সে বিষয়ে পাইলট প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়।

(১৭) সরকারের নির্বাচনী ইশতেহার, ২০১৮-এ বর্ণিত লক্ষ্য ও পরিকল্পনাসহ সরকারের অন্যান্য কৌশলপত্রের বিষয়গুলো মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৯-২০ অর্থ-বছরের এপিএ'তে যথাযথভাবে প্রতিফলনের বিষয়টি নিশ্চিতকরণের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব মহোদয়গণকে নিয়ে অবহিতকরণ ও প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়।

(১৮) ড. প্রজাপতি ত্রিভেদি, সিনিয়র পরিচালক, কমনওয়েলথ সচিবালয় (সাবেক সচিব, মন্ত্রিপরিষদ সচিবালয়, ভারত) এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ক অভিজ্ঞতা ও সেরা অনুশীলনসমূহ বাংলাদেশের মন্ত্রণালয়/বিভাগের সকল সিনিয়র সচিব/সচিবগণের সঙ্গে বিনিময় করার নিমিত্ত কর্মশালা আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়।

(১৯) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে ২০১৮-১৯ অর্থবছরের এপিএ সংশোধনের জন্য প্রেরিত প্রস্তাব নথিতে নিষ্পত্তিকরণ এবং মন্ত্রণালয়/বিভাগকে অবহিত করা হয়।

(২০) এপিএ প্রণয়ন, পরিবীক্ষণ ও বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কর্মকর্তাগণকে নিয়ে এপিএ ও এপিএএমএস সফটওয়্যার প্রশিক্ষণ আয়োজনের জন্য মন্ত্রণালয়/বিভাগকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(২১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৬ মে ২০১৯ তারিখ ৫১টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব মহোদয়গণের অংশগ্রহণে এপিএ বিষয়ক সেমিনার আয়োজনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়।

(২২) ২৯ মে ২০১৯ তারিখে ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং নির্দেশিকা প্রণয়ন সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(২৩) ০৯ মে ২০১৯ তারিখ তথ্য অধিকার আইন, ২০০৯-এর ৮(১) ধারার ভিত্তিতে তথ্য আবুল হাসান বেল্লাল, পিতা আব্দুল খবির মুসল্লীকে প্রেরণ করা হয়।

(২৪) ১৪ মে ২০১৯ তারিখ তথ্য অধিকার কর্মশালা আয়োজন সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে এবং ২৮ মে ২০১৯ তারিখ স্থানীয় সরকার বিভাগের অধীনস্ত ৬৪ জেলার উপপরিচালক (স্থানীয় সরকার)-দের নিয়ে উক্ত কর্মশালা অনুষ্ঠিত হয়।

(২৫) সামাজিক বিমা ক্লাস্টার এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

(২৬) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর কর্মপরিকল্পনা এবং এসডিজি বাস্তবায়ন সাংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

(২৭) 'Support to the Central Management Committee's (CMC) Policy unit of Child component of the NSS' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের Project Steering Committee (PSC)-এর প্রথম সভা অনুষ্ঠিত হয়।

(২৮) ১৮ মার্চ ২০১৯ তারিখে ৫ম উপজেলা পরিষদ নির্বাচন শেষে রাঙ্গামাটি জেলার বাঘাইছড়ি উপজেলার সংঘটিত সশস্ত্র হামলা ও হত্যাকান্ডের বিষয়ে তদন্ত প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে সুপারিশমালার মধ্যে মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়; সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; সচিব, জননিরাপত্তা বিভাগ; সচিব, নির্বাচন কমিশন সচিবালয় এবং সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৯) রাজবাড়ী জেলায় গোয়ালন্দ উপজেলায় দৌলতদিয়া ফেরিঘাটে বিদ্যমান অনিয়ম ও অব্যবস্থাপনা দূরীকরণার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩০) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ মোবাইল কোর্ট আইন, ২০০৯-এ তফসিলভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) জেলা পর্যায়ে কেস কো-অর্ডিনেশন কমিটি গঠন সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় সভা আহবানের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ; সচিব, জননিরাপত্তা বিভাগ, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; সচিব, আইন ও বিচার বিভাগ; সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) কুমিল্লা জেলার সদর দক্ষিন মডেল থানাধীন ইপিজেডে অবস্থিত আরএন স্পিনিং মিলে সংঘটিত অগ্নিকান্ডের কারণ, ক্ষতিগ্রস্ত সম্পদের বিবরণ, ক্ষয়ক্ষতির পরিমাণ উদঘাটন ও এ সংক্রান্ত তদন্ত কমিটির সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ; সচিব, সুরক্ষা সেবা বিভাগ; সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) সাতক্ষীরা জেলায় ২৮ এপ্রিল ২০১৯ তারিখে বিএসএফ কর্তৃক বাংলাদেশি নাগরিককে চেকপোষ্টে হয়রানি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৪) বড়পুকুরিয়া তাপ বিদ্যুৎ কেন্দ্রের ৩য় ইউনিটে আন্দোলনকারী শ্রমিকদের সঙ্গে সংঘটিত ঘটনা সংক্রান্ত প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী মে ২০১৯ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ০৮ জনের বিরুদ্ধে অভিযোগপত্র (চার্জশিট) দাখিল এবং ০১ জনের বিরুদ্ধে এফআরটি দাখিল করা হয়। এ ছাড়া ২২ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৩৬) বিভিন্ন আইনে ৩২ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩৭) দুর্নীতি দমন কমিশনে দুইজন কর্মকর্তাকে মহাপরিচালক পদে এবং একজন কর্মকর্তাকে উপপরিচালক পদে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৩৮) মন্ত্রিপরিষদ সচিব মহোদয় কর্তৃক ৫-৬ এপ্রিল ২০১৯ মেয়াদে টাঙ্গাইল জেলা, জনাব মোঃ আব্দুল বারিক, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১১ এপ্রিল ২০১৯ তারিখে মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলা, জনাব

মুহাম্মদ লুৎফর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ কর্তৃক ০৪ এপ্রিল ২০১৯ তারিখে কক্সবাজার সদর উপজেলা, জনাব মোঃ আব্দুল্লাহ হারুন, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ১৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ কর্তৃক সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলা পরিদর্শন করা হয়।

(৩৯) একাদশ জাতীয় সংসদের ৪১ বগুড়া-৬ আসনে নির্বাচন অনুষ্ঠান অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে দু'টি পরিপত্র জারি করা হয়।

(৪০) ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯-এর তালিকা হালনাগাদকরণে স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সকল জেলা প্রশাসকগণ ও বিভাগীয় কমিশনারগণকে পত্র প্রেরণ করা হয়।

(৪১) বিভাগীয় মামলায় তদন্তাধীন ১০টি অভিযোগের বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর তাগিদ পত্র দেওয়া হয়।

(৪২) মে ২০১৯ মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৫ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০২টি অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়েছে এবং ০১টি অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা থাকায় তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৪৩) জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯ উপলক্ষ্যে জেলাপ্রশাসকগণ কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের ওপর মতামত গ্রহণ এবং জেলাপ্রশাসক সম্মেলন ২০১৮-এর সিদ্ধান্ত বাস্তবায়নের চূড়ান্ত অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত পাঁচটি সভা আয়োজন করা হয়।

(৪৪) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত জেলাপ্রশাসক সম্মেলন ২০১৮-এ গৃহীত স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে মে ২০১৯ পর্যন্ত ৭৫টি স্বল্পমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়।

(৪৫) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এবং জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মবার্ষিকী উদ্‌যাপনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৬) রমজান ও পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে জনসাধারণের প্রত্যাশিত সেবা নিশ্চিত ও নির্বিঘ্নে আশু করণীয় সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৪৭) Issuance of a directive to all government offcials for monitoring of children's issues during their programme visit in field সংক্রান্ত পত্র সকল মন্ত্রণালয়/বিভাগ, সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৪৮) ২০১৭ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সার-সংক্ষেপ, বিজ্ঞপ্তি ও কার্যবিবরণীর ৪৭ খন্ড রেকর্ড বই আকারে বাঁধাইয়ের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও ঢাকাতে প্রেরণ করা হয়।

(৪৯) সমরপুস্তকের ০২ জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র ডায়েরি করে সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা হয়।

গ. (আগামী জুন-জুলাই) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৫) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৭) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৮) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৯) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(১০) মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(১১) নিকার-এর ১১৬তম সভা অনুষ্ঠান।

(১২) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd